দৈনিক সংবাদ

তারিখ ... 22 JUL 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১

1014

# সি আই ডি প্রশ্নপত্র ফাঁসের ঘটনার তদন্ত করবে

উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের তদন্তভার পুলিশের সি আই ডি ব্রাঞ্চের ওপর ন্যস্ত করা হয়েছে। তদন্তশেষে দোষী ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। বর্তমানে অনুষ্ঠানরত উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের দু'-একটি ঘটনা সরকারের নজরে আসায় গতকাল শনিবার প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদের সভাপতিত্বে উচ্চপর্যায়ের এক সভায় বিষয়টি পুংখানুপুংখভাবে পর্যালোচনাশেষে এই সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় আরও সিদ্ধান্ত হয় যে, আসল অথবা নকল প্রশ্নপত্র বেচা-কেনার সাথে জড়িত ব্যক্তিদের খুঁজে বের করা এবং তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং পুলিশ সুপারগণকে নির্দেশ দেয়া হয়েছে। বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তাদের কর্তব্যে অবহেলার জন্য ইতিমধ্যে কারণ দর্শাও নোটিশ জারি করা হয়েছে। খবর তথ্য বিবরণীর।